



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭
ইউনিট-১৯
www.bpsc.gov.bd

নথি নম্বর- ৮০.০০.০০০০.১০২.১১.০০৪.২৩- ৭৬

তারিখ: ০৭ ফাল্গুন ১৪৩২
২২ ফেব্রুয়ারি ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশনের 'উর্ধ্বতন হিসাবরক্ষক' (১০ম গ্রেড) পদে লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ।

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশনের 'উর্ধ্বতন হিসাবরক্ষক' (১০ম গ্রেড) (অনলাইন বিজ্ঞপ্তি নম্বর-৫৯, তারিখ: ১৩.০২.২০২৫) পদে লিখিত পরীক্ষা ০১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে নিম্নোক্ত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীগণ সাময়িকভাবে (Provisionally) উত্তীর্ণ হয়েছেনঃ

000084 000107 000291 000348 000357 000457 Total=06 জন

০২. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মূল আবেদনপত্র BPS Form-5A (Applicant's copy) কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ আগামী ২৫.০২.২০২৬ হতে ১০.০৩.২০২৬ তারিখ (প্রতি কর্মদিবস সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টা) পর্যন্ত পরিচালক (ইউনিট-১৯) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর হাতে হাতে/ডাকযোগে জমা দিতে হবে :

ক. BPS Form-5A (Applicant's copy);

খ. লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি;

গ. শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি;

ঘ. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ঙ. অভিজ্ঞতার সনদের কপি [প্রযোজ্য ক্ষেত্রে];

চ. জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;

ছ. নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;

জ. অনধিক ০৩ মাস পূর্বে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি;

ঝ. আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ঞ. মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রাক্তন এবং বর্তমান স্থায়ী ঠিকানার সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভা মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/নোটারী পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র;


ট. চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে বিপিএসসি কর্তৃক নির্ধারিত নমুনা অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ঠ. সরকারি অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ক্রমশ/-২

ড. কোটার স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের (মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাজনার সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসন প্রদত্ত সনদ, শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সমাজসেবা কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্র, তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)। এক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২৩ জুলাই ২০২৪ তারিখে জারিকৃত ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ নম্বর প্রজ্ঞাপন প্রযোজ্য হবে।

৩. উল্লিখিত প্রতিটি ডকুমেন্ট এর উপর প্রার্থীকে তার রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে এবং আবেদনপত্র/কাগজপত্র/তথ্যাদি নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে হাতে হাতে/ডাকযোগে জমাদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
৪. প্রকাশিত ফলাফলে গুরুতর (Substantive) ত্রুটির কারণে কোনো সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।
৫. কোনো প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে বা যে কোনো সময়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
৬. মৌখিক পরীক্ষার তারিখ, সময়সূচি ও বিস্তারিত তথ্য পরবর্তীতে জাতীয় দৈনিক পত্রিকা এবং কমিশনের ওয়েবসাইটে (www.bpsc.gov.bd) যথাসময়ে প্রকাশ করা হবে।


22/02/2024

দিলাওয়েজ দুরদানা
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়